



# বেসিক ব্যাংক পিএলসি

সহায়িতা পথে মানুষের সাথে

শতভাগ রাষ্ট্র মালিকানাধীন বাণিজ্যিক ব্যাংক

ফরিদপুর শাখা, ফরিদপুর।

অর্থ ঋণ আদালত আইন ২০০৩ এর ১২(৩) ধারা মতে

## নিলাম বিজ্ঞপ্তি

এতদ্বারা সর্ব সাধারণের অবগতির জন্য জানানো যাইতেছে, বেসিক ব্যাংক পিএলসি, ফরিদপুর শাখা, এর ঋণ গ্রহীতা মোল্লা এন্টারপ্রাইজ, সত্বাধিকারী-মোঃ আক্বাস মোল্লা এবং মোঃ আক্বাস মোল্লা নিজ নামীয় ঋণ, বেসিক ব্যাংক পিএলসি, ফরিদপুর শাখা, হইতে বিভিন্ন ঋণ সুবিধা ভোগ করিয়াছেন, যাহা পরবর্তীতে মন্দ ঋণে রূপান্তরিত হয়। মের্সাস মোল্লা এন্টারপ্রাইজ এবং মোঃ আক্বাস মোল্লার ঋণের বিপরীতে ১. মোঃ আক্বাস মোল্লা, ২. মোঃ আবুল কাশেম মোল্লা, ৩. মোঃ আবুল হাসেম মোল্লা, সর্ব পিতা-মোঃ জালাল মোল্লা, সর্বমাতা-ভায়লা খাতুন, ৪. পিতা-মোঃ জালাল মোল্লা, পিতাঃ মৃত ওহেদ আলী মোল্লা, মাতাঃ মৃত-তাহেরজান নেসা, সর্ব ঠিকানাঃ হোল্ডিং নং-০০২১/৬/অএ, উত্তর টেপাখোলা, লেকপাড় বাজার, হাবেলী গোপালপুর, ফরিদপুর, ঋণ গ্রহীতা, ব্যক্তিগত জিম্মাদার হিসাবে ব্যাংক বরাবরে ব্যক্তিগত ভাবে ও যৌথভাবে দায়বদ্ধ রহিয়াছেন। অধিকন্তু উক্ত ঋণের বিপরীতে তাদের জমি এবং ভবন নিম্ন তফসিল বর্ণিত সম্পত্তি ব্যাংক বরাবরে রেজিস্ট্রী বন্ধকী দলিল মূলে বন্ধক প্রদান করিয়া ব্যাংক কে আম-মোজারও নিয়োগ করিয়াছেন। বারবার তলব তাগাদা সত্ত্বেও ঋণ গ্রহীতা-জিম্মাদার- বন্ধকদাতার নিকট হইতে ব্যাংকের পাওনা আদায় করা সম্ভব হয় নাই বিধায় উক্ত ঋণ হিসাব সমূহ খেলাপী ঋণে পরিণত হইয়াছেন। বিগত ০৪.০৪.২০২৬ তারিখ পর্যন্ত (ঋণের পরবর্তী সুদব্যতীত) ঋণ গ্রহীতার নিকট ব্যাংকের সুদ-আসল ও অন্যান্য খরচাসহ মোট ১,৩৮,৫৯,২০৯.১৭ (এক কোটি আটত্রিশ লক্ষ ঊনষাট হাজার দুইশত নয় টাকা এবং সতের পয়সা মাত্র) টাকা পাওনা রহিয়াছে। বন্ধকদাতা এবং আম-মোজার দাতাগণের প্রদত্ত ক্ষমতা বলে এবং অর্থঋণ আদালত আইন- ২০০৩ এর ১২(৩) ধারার বিধান মতে উক্ত টাকা আদায়ের নিমিত্তে নিম্ন তফসিল ভুক্ত সম্পত্তি নিম্ন লিখিত শর্ত সাপেক্ষে দরপত্রের মাধ্যমে নিলামে বিক্রয়ের জন্য আগামী ১৪.০৫.২০২৬ তারিখ বেলা ৩.০০ ঘটিকা নিলামের দিন ধার্য করা হইয়াছে। আগ্রহী নিলাম ক্রেতাদেরকে উল্লেখিত তারিখ ও সময়ে বেসিক ব্যাংক পিএলসি, ফরিদপুর শাখা, ফরিদপুরে লিখিত দরপত্রের মাধ্যমে সরাসরি/ডাকযোগে নিলামে অংশ গ্রহণ করার জন্য আহ্বান করা হইতেছে।

### = শর্তসমূহ =

১. প্রত্যেক দরপত্র অত্র বিজ্ঞপ্তি সহকারে তাহাদের নিজস্ব প্যাডে অথবা সাদাকাগজে স্পষ্ট অক্ষরে তাহাদের নাম, ঠিকানা, টেলিফোন নম্বর (যদি থাকে) টেন্ডার মূল্য অংকে ও কথায় এবং খামের উপর স্পষ্ট অক্ষরে “সম্পত্তি ক্রয়ের দরপত্র” লিখিয়া দাখিল করিতে হইবে।
২. দরপত্র অপরাহ্ন ৩.০০ ঘটিকার মধ্যে ব্যাংকে রক্ষিত নির্ধারিত দরপত্র বাস্তবে সরাসরি কিংবা রেজিস্ট্রিকৃত ডাকযোগে জমা দিতে হইবে। উক্ত দিবসেই অপরাহ্ন ৩.৩০ ঘটিকার সময় দরপত্র দাতাদের সামনে (যদি কেউ উপস্থিত থাকেন) দরপত্র বাস্তব খোলা হইবে। রেজিস্ট্রি ডাকযোগে প্রেরণের ক্ষেত্রে তাহা অবশ্যই উক্ত নির্ধারিত সময়ের মধ্যে পৌঁছাইতে হইবে।
৩. প্রত্যেক দরদাতা উদ্বৃত্ত দরঅনুর্ধ্ব ১০,০০,০০০/- (দশ) লক্ষ টাকা হইলে উহার ২০% উদ্বৃত্ত দর ১০,০০,০০০/- (দশ) লক্ষ টাকা অপেক্ষা অধিক এবং অনুর্ধ্ব ৫০,০০,০০০/- (পঞ্চাশ) টাকা হইলে উহার ১৫% এবং উদ্বৃত্ত দর ৫০,০০,০০০/- (পঞ্চাশ) লক্ষ টাকা অপেক্ষা অধিক হইলে উহার ১০% এর সমপরিমান টাকা জামানত স্বরূপ যে কোন তফসিলী ব্যাংক হইতে ব্যাংক ড্রাফট বা পে-অর্ডারের মাধ্যমে “বেসিক ব্যাংক পিএলসি” এর অনুকূলে দরপত্রের সহিত দাখিল করিবেন।
৪. অনুর্ধ্ব ১০,০০,০০০/- (দশ) লক্ষ টাকার উদ্বৃত্ত দরগৃহীত হইবার পরবর্তী ৩০ (ত্রিশ) দিবসের মধ্যে, ১০,০০,০০০/- (দশ) লক্ষ টাকা অপেক্ষা অধিক এবং অনুর্ধ্ব ৫০,০০,০০০/- (পঞ্চাশ) লক্ষ টাকার উদ্বৃত্ত দরগৃহীত হইবার পরবর্তী ৬০ (ষাট) দিবসের মধ্যে এবং ৫০,০০,০০০/- (পঞ্চাশ) লক্ষ টাকার অধিক উদ্বৃত্ত দর গৃহীত হইবার পরবর্তী ৯০ (নব্বই) দিবসের মধ্যে সমুদয় মূল্য পরিশোধ করিবেন এবং তাহা করিতে ব্যর্থ হইলে ব্যাংক উক্ত জামানতের টাকা বাজেয়াপ্ত করিতে পারিবেন।
৫. দরপত্রে প্রদত্ত মূল্য অস্বাভাবিক ভাবে অপরিষ্কৃত বা কম প্রতীয়মান হইলে বা নিম্নোক্ত যে কোন একটি তফসিলের আংশিক সম্পত্তির ক্রয়ের জন্য দরপত্র দাখিল করিলে বা কম জামানত বা ত্রুটিপূর্ণ দরপত্র দাখিল করিলে তাহা সরাসরি বাতিল বলিয়া গণ্য হইবে।
৬. উপরে বর্ণিত ৩ ও ৪ নং শর্তে ও অধীনে প্রথম সর্বোচ্চ দর দাতার জামানত বাজেয়াপ্ত হইলে ব্যাংক দ্বিতীয় সর্বোচ্চ দরদাতাকে সম্পত্তি ক্রয়ে আহ্বান করিতে পারিবেন।
৭. সফল দরদাতাকে নিম্ন তফসিল বর্ণিত সম্পত্তির রেজিস্ট্রেশন সংক্রান্ত যাবতীয় খরচ এবং উহার উপর কোন সরকারী, আধা-সরকারী, স্বায়ত্বশাসিত প্রতিষ্ঠানের যথা পৌরসভা, ওয়াসা, পিডিবি, পল্লী বিদ্যুৎ, গ্যাস সরবরাহ কারী প্রতিষ্ঠান, ভূমি কর ইত্যাদি সহ যে কোন বিল বা পাওনাদাবী থাকিলে তাহা দরদাতাকে বহন করিতে হইবে।
৮. নিলামে অংশ গ্রহণে ইচ্ছুক ব্যক্তিগণ বিস্তারিত তথ্য অবগত হওয়ার জন্য নিম্ন স্বাক্ষরকারীর অফিসে অফিস চলাকালীন সময়ে যোগাযোগ করিতে পারিবেন।
৯. কোন কারণ দর্শানো ব্যতিরেকে যে কোন বা সকল দরপত্র বাতিল করিবার অধিকার ব্যাংক সংরক্ষণ করেন বটে।

### বন্ধকী সম্পত্তির তফসিলঃ

রেজিস্ট্রার বন্ধককৃত ৫.০০ শতাংশ জমি এবং ৩ তলা আবাসিক কাম বাণিজ্যিক ভবন/ ৫০৭৬ বর্গফুট ফ্ল্যাট মৌজাঃ হাবিলী গোপালপুর ১১৯, আরএস খতিয়ান নং-২৫১, এসএ খতিয়ান নং-২৫৬, বিএস খতিয়ান নং-৫৪৩, আরএস এবং এসএ প্লট নং-৪৫৫, বিএস প্লট নং-১৫৬১ এসআর ও- ফরিদপুর সদর, উপজেলা-কোতয়ালী, জেলা-ফরিদপুর, যার মালিক মোঃ আক্বাস মোল্লা (স্বত্বাধিকারী) ২. মোঃ জালাল মোল্লা (স্বত্বাধিকারীর পিতা) ৩. মোঃ আবুল কাশেম মোল্লা (স্বত্বাধিকারীর ভাই) ৪. মোঃ আবুল হাসেম মোল্লা (স্বত্বাধিকারীর ভাই)।

সিনিয়র প্রিন্সিপাল অফিসার, ও শাখা প্রধান

হোল্ডিং নং-২৯/ডি, ওয়াড নং-০২, ফরিদপুর সদর, ফরিদপুর, মোবাইলঃ ০১৭১৩২৫৭৪৩৫

প্রকাশ: ১০.০৪.২০২৬

দৈনিক সমকাল এবং দৈনিক ফরিদপুর